

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

স্মারক নং-০৫.০০.০০০০.২০০.১৫.০০১.২০-২৩৪

তারিখ: ২১ পৌষ ১৪২৬  
০৫ জানুয়ারি ২০২০


বিজ্ঞপ্তি

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকায় আগামী ২৬/০১/২০২০ হতে ০৬/০২/২০২০ তারিখ পর্যন্ত ১২ (বার) দিন মেয়াদে অতিরিক্ত সচিব পদমর্যাদার কর্মকর্তাগণের জন্য ২১তম পলিসি প্ল্যানিং এ্যান্ড ম্যানেজমেন্ট কোর্স (পিপিএমসি) পরিচালিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণকে সংযুক্ত আবেদনপত্র ছক পূরণপূর্বক আগামী ১৫/০১/২০২০ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে [it1@mopa.gov.bd](mailto:it1@mopa.gov.bd)-এ ই-মেইল যোগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। শর্তাবলী:

- (ক) কোর্সটি সম্পূর্ণ আবাসিক এবং কোর্সে অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে বিপিএটিসি'র ডরমিটরিতে অবস্থান করতে হবে;
- (খ) কোর্স ফি জনপ্রতি ২০,০০০/- (বিশ হাজার) টাকা। কোর্স শুরুর প্রারম্ভে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি স্ব স্ব প্রতিষ্ঠান হতে ক্রসড চেক/ব্যাংক ড্রাফটের মাধ্যমে রেজিস্টার, বিপিএটিসি, সাভার, ঢাকা রবারব জমা প্রদান করতে হবে;
- (গ) কোর্স শুরুর তারিখে অনূর্ধ্ব ৫৭ বছর বয়সী কর্মকর্তাগণ কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন;
- (ঘ) আবেদনপত্র ছকের নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে। চূড়ান্ত মনোনয়নের পর কোনক্রমেই কোর্স হতে অব্যাহতির আবেদন গ্রহণযোগ্য হবে না; এবং
- (ঙ) নির্ধারিত ছকে আবেদনপত্র প্রাপ্তির পর চূড়ান্ত মনোনয়নের তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।
- (চ) বর্ণিত কোর্সের Foreign Exposure Visit অপ্টেলিয়াম অন্তর্ভুক্ত হবে।

সংযুক্তি: ছক ০১ পাতা


  
০৫/০১/২০২০  
(মো: আবদুর রউফ মিয়া)  
উপসচিব  
ফোনঃ +৮৮ ০২ ৯৫১৫৫২৫  
ই-মেইলঃ [it1@mopa.gov.bd](mailto:it1@mopa.gov.bd)

স্মারক নং-০৫.০০.০০০০.২০০.১৫.০০১.২০-

তারিখ: ২১ পৌষ ১৪২৬  
০৫ জানুয়ারি ২০২০

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব/সচিব.....(অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ০২। পরিচালক (পিপিআর), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। সিস্টেমস্ এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)। এবং
- ০৫। অতিরিক্ত সচিব (সিপিটি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।

  
০৫/০১/২০২০  
(মো: আবদুর রউফ মিয়া)  
উপসচিব

২১তম পলিসি প্ল্যানিং এন্ড ম্যানেজমেন্ট কোর্স (পিপিএমসি)-এ অংশগ্রহণের জন্য আবেদন।

০১।	নাম ও পরিচিতি নম্বর :	
০২।	ব্যাচ নং : (অবশ্যই উল্লেখ করতে হবে)	
০৩।	পদবি ও কর্মস্থল :	
০৪।	জন্ম তারিখ :	
০৫।	কোর্স শুরুর তারিখে বয়স :	
০৬।	মোবাইল নম্বর :	
০৭।	দাপ্তরিক ফোন নম্বর :	
০৮।	ই-মেইল :	

আবেদনকারী কর্মকর্তাকে উল্লিখিত কোর্সে  
মনোনয়ন দানের সুপারিশ করা হলো।

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল (অফিস প্রধান)

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল